**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/28/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# ফেডারেল জরুরি হোম হিটিং সহায়তার জন্য গভর্নর হোকলের 90 মিলিয়ন ডলার বরাদ্দ ঘোষণা

***শীতকালীন জ্বালানির মূল্যবৃদ্ধির এই সময়ে হিটিং সংক্রান্ত জরুরি অবস্থা এড়াতে নিউ ইয়র্কবাসীদের সাহায্য করার জন্য প্রতি পরিবারের জন্য লভ্য জরুরি হোম হিটিং সহায়তা 42 শতাংশ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে***

***3 জানুয়ারি থেকে আবেদন গ্রহণ শুরু হবে***

গভর্নর ক্যাথি হোকল আজ গত বছরের একই সময়ের তুলনায় বিদ্যমান জরুরি হোম হিটিং সহায়তা উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধির ঘোষণা দিয়েছেন—যেখানে নিম্ন ও মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদেরকে শীতকালীন জ্বালানি মূল্য বৃদ্ধির এই সময়ে তাদের বাড়ির হিটিং এর সংযোগ বিচ্ছিন্ন হয়ে যাওয়া অথবা তাদের হিটিং এর উৎস ফুরিয়ে যাওয়া এড়াতে সাহায্য করার জন্য 90 মিলিয়ন ডলারেরও বেশি ফেডারেল তহবিল লভ্য রয়েছে। স্টেটের সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance) কর্তৃক পরিচালিত, গৃহ জ্বালানি সহায়তা কর্মসূচি (Home Energy Assistance Program) নিউ ইয়র্কবাসীদের মধ্যে যারা তাদের নিয়মিত সুবিধা ব্যবহার করে ফেলেছেন এবং এখন হিটিং সংক্রান্ত জরুরি অবস্থার সম্মুখীন হয়েছেন তাদের জন্য, 3 জানুয়ারি, সোমবার থেকে জরুরি সুবিধা পাওয়ার আবেদন গ্রহণ শুরু করবে।

"ঠাণ্ডা শীতকালীন আবহাওয়ার আগমন এবং জ্বালানির মূল্য বৃদ্ধির এই সময়ে, আমাদেরকে অবশ্যই হিটিং এর ব্যবস্থা করতে সংগ্রাম করে যাওয়া ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদের সুরক্ষার জন্য আমাদের সাধ্যমতো সব পদক্ষেপ গ্রহণ করতে হবে," **বলেছেন গভর্নর হোকল**। "লভ্য জরুরি হোম হিটিং সহায়তার এই উল্লেখযোগ্য বৃদ্ধি হাজার হাজার পরিবারের জন্য একটি লাইফলাইন হিসেবে কাজ করবে। এটি তাদেরকে তাদের বাড়ি গরম রাখতে সাহায্য করবে, বকেয়া বিল জমা হতে থাকা রোধ করবে, এবং হিটিং সংক্রান্ত জরুরি অবস্থার সম্মুখীন হওয়া যেকোনো ব্যক্তিকে বিহ্বল করে দেয়া প্রচণ্ড মানসিক চাপ ও দুশ্চিন্তা এড়াতে সাহায্য করবে।"

পরিবারের জন্য ব্যবহৃত হিটিং-এর জ্বালানির ধরনের উপর নির্ভর করে প্রত্যেক পরিবারের জন্য জরুরি সুবিধার পরিমাণ কমপক্ষে 32 শতাংশ এবং সর্বোচ্চ 42 শতাংশ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। প্রাকৃতিক গ্যাস ব্যবহার করে গরম করা কোনো বাড়ি এখন 465 ডলার পাওয়ার উপযুক্ত হবে, যা

গত বছরের সুবিধার তুলনায় 32.8 শতাংশ বৃদ্ধি; অন্যদিকে তেল, কেরোসিন বা প্রোপেন ব্যবহার করা কোনো বাড়ি 965 ডলার পাওয়ার উপযুক্ত হবে, যা গত বছরের তুলনায় 42.9 শতাংশ বৃদ্ধি।

**সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের এক্সিকিউটিভ ডেপুটি কমিশনার বারবারা সি. গুইন বলেন,** "শীতকালীন মাসগুলোতে অনেক বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীকে নিত্যদিনের খাবার সংগ্রহ করতে সংগ্রাম করতে হয়। এবং হিটিং ইউটিলিটির ব্যয়ের সুস্পষ্ট বৃদ্ধির ফলে এবছরেও তার ব্যতিক্রম ঘটবে না। HEAP-এর জরুরি সুবিধা হিটিং বিল পরিশোধ করার ক্ষেত্রে পিছিয়ে পড়ছেন অথবা তাদের হিটিং জ্বালানির সরবরাহ ফুরিয়ে যাওয়ার ঝুঁকিতে রয়েছেন এমন পরিবারগুলোর জন্য ব্যবধান কমিয়ে আনার একটি সময়ানুগ নিয়ামক প্রদান করে যাতে তারা এই শীতে তাদের বাড়িগুলো গরম রাখতে পারেন।"

**ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস (Department of Public Service)-এর CEO রোরি এম. ক্রিস্টিয়ান বলেন**, "এই শীতে নিজেদের বাড়ি আলোকিত করা ও ঘরগুলো গরম রাখার জন্য এত বেশি সংখ্যক ভোক্তার প্রয়োজন মোকাবেলায় নেতৃত্ব প্রদানের জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি। ভোক্তারা যাতে তাদের জ্বালানির বিল কমানোর উপায় সম্পর্কে সচেতন থাকেন তা নিশ্চিত করতে ডিপার্টমেন্ট অব পাবলিক সার্ভিস নিউ ইয়র্ক স্টেটের ইউটিলিটিগুলোর সাথে সক্রিয়ভাবে কাজ করছে। সেইসাথে, ঠাণ্ডা শীতকালীন মাসগুলোতে কোনো বিঘ্ন ছাড়াই যাতে পরিষেবা অব্যাহত থাকে সেজন্য ইউটিলিটিগুলো যাতে ভোক্তাদের সকল সম্ভাব্য সুরক্ষা প্রদান করে তা নিশ্চিত করতে আমরা ইউটিলিটিগুলোকে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছি।"

শরতের সময়ে, নিউ ইয়র্কের পাবলিক সার্ভিস কমিশন পূর্বাভাস দিয়েছিল যে 2021-2022 শীতকালীন মৌসুমে বিদ্যুৎ ও প্রাকৃতিক গ্যাসের বিল উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে, যেখানে স্টেটব্যাপী প্রাকৃতিক গ্যাসের মূল্য গড়ে 21 শতাংশ বৃদ্ধির আশংকা করা হয়েছিল। এছাড়া নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (Energy Research and Development Authority)-এর তথ্যমতে গত শীতের তুলনায় প্রোপেনের খরচও 30 শতাংশ বৃদ্ধি পেয়েছে।

জরুরি সুবিধা পাওয়ার উপযুক্ত হওয়ার জন্য, উপযুক্ত আয়বিশিষ্ট কোনো পরিবারকে অবশ্যই হিটিং ইউটিলিটি বন্ধ হয়ে যাওয়া অথবা যদি প্রধান হিটিং সরঞ্জাম চালানোর জন্য বিদ্যুৎ অপরিহার্য হয়, সেক্ষেত্রে বৈদ্যুতিক ইউটিলিটি সেবার সংযোগ বিচ্ছিন্ন হয়ে যাওয়ার অবস্থার সম্মুখীন হতে হবে। এছাড়াও যেসব পরিবারে হিটিং-এর জ্বালানির সরবরাহ ফুরিয়ে গেছে অথবা তেল, কেরোসিন, বা প্রোপেনের ট্যাংকে এক চতুর্থাংশের কম পরিমাণ অবশিষ্ট রয়েছে; অথবা অন্যান্য হিটিং-এর জ্বালানির 10-দিনের কম সময়ের জন্য সাপ্লাই রয়েছে তারাও সুবিধা পাওয়ার জন্য যোগ্য হবেন।

সহায়তার আবেদনগুলো সোশ্যাল সার্ভিসের স্থানীয় ডিপার্টমেন্টগুলোতে সরাসরি অথবা টেলিফোনের মাধ্যমে গ্রহণ করা হবে, এবং আগে আসলে আগে পাবেন ভিত্তিতে তহবিল প্রদান করা হবে। কাউন্টি অনুযায়ী স্থানীয় অফিসগুলোর একটি তালিকা এখানে পাওয়া যাবে। নিউ ইয়র্ক সিটির বাইরের বাসিন্দারাও নিয়মিত হিটিং সহায়তা সুবিধা পাওয়ার জন্য অনলাইনে আবেদন করতে পারবেন। নিউ ইয়র্ক সিটির বাসিন্দারা এখানে আবেদনপত্র ডাউনলোড করতে এবং কর্মসূচি সম্পর্কে তথ্য সংগ্রহ করতে পারবেন।

গত বছর, হিটিং সংক্রান্ত জরুরি অবস্থার সুবিধা 111,000 এরও বেশি নিউ ইয়র্কবাসীকে জরুরি সহায়তা প্রদান করেছে। 2020-2021 শীত মৌসুমে OTDA সর্বমোট প্রায় 65 মিলিয়ন ডলারের জরুরি হিটিং সহায়তা বন্টন করেছে।

এছাড়াও OTDA নিয়মিত বকেয়া সম্পূরকের জন্য আবেদন গ্রহণ অব্যাহত রেখেছে, যা HEAP-উপযুক্ত পরিবারগুলোকে হিটিং ইউটিলিটির বকেয়া পরিশোধ করতে সাহায্য করার জন্য 150 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল প্রদান করছে। এই এককালীন পেমেন্ট প্রত্যেক পরিবারের জমা হওয়া হিটিং ইউটিলিটির বকেয়া পরিশোধের জন্য 10,000 ডলার করে প্রদান করবে, যেখানে স্থানীয় ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিসেস-এ সশরীরে উপস্থিত হওয়ার মাধ্যমে অথবা টেলিফোনে সহায়তার অনুরোধগুলো গ্রহণ করা হবে।

উপযুক্ত বাড়ির মালিকদের সহায়তা করার জন্যেও সাহায্য লভ্য রয়েছে যদি তাদের প্রধান হিটিং সরঞ্জাম অনিরাপদ হয় অথবা কাজ না করে এবং তাদের ফার্নেস বা বয়লার মেরামত বা প্রতিস্থাপন করা আবশ্যক হয়। HEAP হিটিং সরঞ্জাম মেরামত ও প্রতিস্থাপন (Heating Equipment Repair and Replacement) কর্মসূচির মাধ্যমে প্রাপ্ত অর্থের পরিমাণ অপরিহার্য হিটিং সরঞ্জাম মেরামত ও প্রতিস্থাপনের প্রকৃত খরচের উপর নির্ভর করবে—যা মেরামতের জন্য 3,000 ডলার পর্যন্ত এবং প্রতিস্থাপনের জন্য 6,500 ডলার পর্যন্ত হতে পারে।

এছাড়াও উপযুক্ত বাড়ির মালিকরা তাদের বাড়ির প্রধান হিটিং উৎস সর্বোচ্চ কর্মক্ষমতায় চলমান রাখার জন্য HEAP হিটিং সরঞ্জাম পরিষ্কার ও টিউন করা (Heating Equipment Clean and Tune) সুবিধার জন্যেও আবেদন করতে পারবেন। এসব সুবিধার জন্য আবেদনকারীদেরকে আরো তথ্যের জন্য তাদের স্থানীয় ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিসেস-এর সঙ্গে যোগাযোগ করতে হবে।

এসব ফেডারেল অর্থায়নের কর্মসূচির জন্য যোগ্যতা অর্জন করতে, আবেদনকারীদের অবশ্যই HEAP-এর জন্য উপযুক্ততার শর্তাবলী এবং আয় সংক্রান্ত নির্দেশনা পূরণ করতে হবে, যা পরিবারের আকার অনুযায়ী ভিন্ন হয়ে থাকে। উদাহরণস্বরূপ, চার সদস্যের একটি পরিবারের সর্বোচ্চ গ্রস মাসিক আয় 5,249 ডলার অথবা গ্রস বার্ষিক আয় 62,983 ডলার হতে পারে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন